

(2)

Ex./CBCS/BNG/UG/CORE/2.2/2018

অথবা

৪. শাক্ত পদাবলির 'ভক্তের আকৃতি' পর্যায়ের পদগুলিতে কবিদের আধ্যাত্মিক আকৃতির সঙ্গে মিশে থাকে যুগযন্ত্রণা-জাত নানা আর্তি। তোমার পড়া পদ অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ১০

৫. 'মহুয়া' গীতিকাটির কাহিনিতে গ্রামের জীবনচিত্র কীভাবে ফুটে উঠেছে আলোচনা করো। প্রসঙ্গত বেদেদের জীবিকার পরিচয় দাও। ১০

অথবা

৬. 'মলুয়া' গীতিকাটির কাহিনিতে কি কোনোভাবে রামায়ণ ও মনসাকথার ছায়া লক্ষ কর তুমি? সংক্ষেপে আলোচনা করো। ১০

৭. তোমার পড়া কয়েকটি গানের প্রসঙ্গ উল্লেখ করে এই গানগুলিকে কেন 'জনপদাবলি'র অন্তর্ভুক্ত করা হবে বুঝিয়ে দাও। ১০

৮. 'জনপদের কবির' জাত ও ধর্মের বিভেদ সম্পর্কে তীব্র বিরোধিতা জারি রেখেছিলেন নিজেদের গানে। তোমার পড়া জনপদাবলির কয়েকটি গানের প্রয়োজনীয় পঙ্ক্তি উল্লেখ করে এই কথাটির সত্যতা বিচার করো। ১০

— X —

কলাস্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

মধ্যযুগের বাংলা সাহিত্য (পর্ব ১)

কোর্স ইউ.জি - ২.২

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. বৈষ্ণব পদাবলি সাহিত্যের 'অভিসার' বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে দাও। যে কোনো দুটি পদ বিশ্লেষণ করে এই পর্যায়ের পদ রচনায় গোবিন্দদাসের কৃতিত্ব আলোচনা করো। ১০

অথবা

২. সংক্ষেপে আলোচনা করো (যে কোনো দুটি) ৫+৫=১০

(ক) পূর্বরাগের পদে চণ্ডীদাস

(খ) মাথুর পর্যায়ে বিদ্যাপতি

(গ) গৌড়ীয় বৈষ্ণব দর্শনের মূলসূত্র

(ঘ) বৈষ্ণব মতে 'রস'

৩. শাক্ত পদকর্তা হিসেবে রামপ্রসাদের কবিখ্যাতিই সর্বাধিক। এর কারণ কী বলে তোমার মনে হয় বুঝিয়ে দাও। ১০

(Turn Over)